

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০২.১৫.৮৩৭

তারিখঃ ২ চৈত্র ১৪২২
১৬ মার্চ ২০১৬

বিষয়ঃ ৬১ টি জেলা পরিষদে (পার্বত্য ৩টি জেলা ব্যতিত) ডিজিটাল সেন্টার স্থাপন ।

সূত্রঃ স্থানীয় সরকার বিভাগ ইউ পি শাখা-২ এর স্মারক নং-৪৬.০১৮.০৩২.০০.০০.০৫১.২০১৬.১৪৩, তাং-১৪/৩/২০১৬ ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ৬১ টি জেলা পরিষদে (পার্বত্য ৩টি জেলা ব্যতিত) একটি করে ডিজিটাল সেন্টার স্থাপন করার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ২/৩/২০১৬ তারিখে অনুষ্ঠিত সভায় জেলা পরিষদ সংশ্লিষ্ট নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

“দেশের সকল জেলা পরিষদসমূহে একটি করে ডিজিটাল সেন্টার স্থাপন করতে হবে। জেলা পরিষদ কার্যালয়ের প্রবেশমুখে দৃশ্যমান ও সংলগ্ন একটি ১৫x১২ ফুট (ন্যূনতম ১৮০ বর্গফুট) আয়তনের কক্ষ থাকবে, যেখানে কম্পিউটার, প্রিন্টার, স্ক্যানার, ওয়েবক্যাম, ইন্টারনেট কানেকশন, চেয়ার (কমপক্ষে ৬টি), টেবিলসহ অফিসের অন্যান্য সামগ্রী রাখা সম্ভব হবে। এ বিষয়ে জেলা পরিষদের প্রশাসকগণকে পত্র প্রেরণ করতে হবে”

২। এমতাবস্থায়, গত ২ মার্চ ২০১৬ তারিখে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তের প্রেক্ষিতে ৬১ টি জেলা পরিষদে (পার্বত্য ৩টি জেলা ব্যতিত) জরুরী ভিত্তিতে একটি করে ডিজিটাল সেন্টার স্থাপন করার কার্যকরী পদক্ষেপ গ্রহণসহ বাস্তবায়ন অগ্রগতি প্রতিমাসে ০২(দুই) বার এ বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(জুবাইদা নসরীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রশাসক

৬১ টি জেলা পরিষদ (পার্বত্য ৩ টি জেলা ব্যতিত) ।

অনুলিপি (জ্ঞাতার্থে ও কার্যার্থে)ঃ

- ১। অতিরিক্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। বিভাগীয় কমিশনার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ৪। যুগ্মসচিব (ইপ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। পরিচালক, স্থানীয় সরকার, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/সিলেট/খুলনা/বরিশাল/রংপুর/ময়মনসিংহ।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তা ৬১ টি জেলা পরিষদ (পার্বত্য ৩টি জেলা ব্যতিত)।
- ৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৮। যুগ্মসচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।